

চাকরি জাতীয়করণের দাবি ৩০ হাজার বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষকদের লাগাতার ধর্মঘট আজ শুরু

□ স্টাফ রিপোর্টার

চাকরি জাতীয়করণের দাবিতে আজ থেকে লাগাতার ধর্মঘট বাচ্ছেন কুল, কলেজ ও মাদরাসার শিক্ষকরা। দাবি পূরণ না হওয়া পর্যন্ত দেশের প্রায় ৩০ হাজার বেসরকারি কুল, কলেজ ও মাদরাসা এই কর্মসূচি পালনের আহ্বান জানিয়েছে শিক্ষকদের কয়েকটি জোট। গতকাল (বুধবার) ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে চাক. জাতীয়করণের দাবিতে শিক্ষা প্রতিষ্ঠানে লাগাতার ধর্মঘটের আহ্বান জানানো গেল। সংবাদ সম্মেলনে জিহিত বক্তব্য উপস্থাপন করেন শিক্ষক-কর্মচারী ঐক্য জোটের চেয়ারম্যান অধ্যক্ষ মো. সেলিম হুইয়া। সংবাদ সম্মেলনে সেলিম হুইয়া বলেন, শিক্ষকদের পিঠ দেয়ালে ঠেকে গেছে। তাই বাধ্য হয়ে এ ধর্মঘটের মতো কঠোর কর্মসূচি পালন করতে যাচ্ছে সাধারণ শিক্ষকরা। তিনি আরও

পৃষ্ঠা ১৫ ক ১৬

৩০ হাজার বেসরকারি

প্রথম পৃষ্ঠার পর
জানান, বীরদিন থেকেই আমরা চাকরি জাতীয়করণের দাবিতে ঐক্যবোধে নিরন্তর আন্দোলন করে আসছি। প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর দিকে অসন্তোষ প্রকাশ করে, বিজ্ঞান, জেলা ও উপজেলায় সজ. সমাবেশ, অবশন, মানববন্ধন ও অবস্থান ধর্মঘট পালন করা হয়েছে। তারপরও সরকারের পক্ষ থেকে আমাদের সাথে দাবি পূরণের ব্যাপারে আলোচনা করা হয়নি। তিনি আরও বলেন, সরকার শিক্ষকদের চাকরি জাতীয়করণের দাবির দাবি মেনে নিলেই আমরা সন্তোষে থাকি। সরকার দাবি পূরণে ব্যর্থ হলে তিনি ২০ জানুয়ারি ঢাকায় মহা-অবস্থান কর্মসূচি পালনের ঘোষণা দেন।

এসময় সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন প্রিন্সিপাল রেজাউল করিম, ড. আহম্মুদুল হুইয়ান মোস্তা, মাওলানা মো. হেলালুল হোসেন, মো. জাকির হোসেন, বাবু অজিত কুমার সরকার, আব্দুল গণি, মো. রফিকুল ইসলাম, মো. আব্দুল হাকিম, নামদুল হক ডাক্তার, মো. রফিকুল ইসলাম, শাহাদাত হোসেন, গোপাল হোসেন, কামরুজ্জামান মিজান, জাহিদুল হক রাজা প্রমুখ।

এদিকে একই দাবিতে আজ থেকে কর্মবিহীন পালনের ঘোষণা দিয়েছে বাংলাদেশ শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ঐক্য ফেডারেশন। সংগঠনের এক সভায় গতকাল এই সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় সংগঠনের সভাপতি আইয়ুব আলী সজন্যিত্বের বক্তব্য রাখেন কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি কামরুজ্জামান মিজান, মহাসচিব জাহিদুল হক রাজা, সিনিয়র সহকারী সভাপতি সিদ্দিকুল আলম, সাংগঠনিক সচিব ডৌহিদুল ইসলাম, অর্থসচিব লুৎফর রহমান প্রমুখ। এছাড়া ১২ জানুয়ারি মধ্যে বেসরকারি শিক্ষকদের চাকরি জাতীয়করণের দাবি পূরণ না হলে ১০ জানুয়ারি থেকে সারাদেশের মাধ্যমিক বিদ্যালয়ে অবিদ্যমান ধর্মঘটের ডাক দিয়েছে বাংলাদেশ সরকারি শিক্ষক সমিতি। সমিতির সভাপতি এস.এম. আলী আশরাফ কবির ও মহাসচিব মো. সৈয়দ আলী রান গতকাল এক বিবৃতিতে এই কর্মবিহীন ঘোষণা দেন। তারা ধর্মঘট চলার কুলে অবস্থান করে পৃথক বাতায় শিক্ষকদের হাজারে সরকারের আহ্বান জানিয়েছেন।